

## সহায়তা-বঞ্চিতদের পাশে জাবি ইউনিট

ইয়ুথ এন্ডিং হাজার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ইউনিটের ইয়ুথ লিডার, সরকার ও রাজনীতি বিভাগের শিক্ষার্থী জহিরুল ইসলাম সাভারের গেরুয়া এবং ইসলামগর এলাকায় সাভার এলাকার ভোটের নয় এমন ৪২টি পরিবারকে খাদ্য সহায়তা প্রদান করেছেন। তিনি নিজের সঞ্চয় থেকে করোনা সংকটকালে এই মানবিক সহায়তা প্রদান করেন। এছাড়াও ইয়ুথ এন্ডিং হাজার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ইউনিটের যুগ্ম-সমন্বয়কারী, সরকার ও রাজনীতি বিভাগের শিক্ষার্থী নাজমুন্নাহার এর সহায়তা নিয়ে



আরও সাতটি পরিবারকে সহায়তা প্রদান করা হয়েছে। মে মাসের তৃতীয় সপ্তাহে এ সহায়তা কর্মসূচি পরিচালিত হয়। উল্লেখ্য, জাতীয় পরিচয়পত্র যাচাই করে সহায়তা প্রদানের কারণে এসকল সংকটগ্রস্ত পরিবার কোন ধরনের সহায়তা পাচ্ছিলেন না।

## মানুষের মুখে হাসি ফুটালো নীলফামারী ইয়ুথ ইউনিট

ইয়ুথ এন্ডিং হাজার নীলফামারী জেলা কো-অর্ডিনেটর মোঃ নুরুজ্জামান সরকারের নেতৃত্বে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে নীলফামারীর ডিমলা উপজেলার খালিশা-চাপানী ইউনিয়নে অসহায়, দুঃস্থ এবং প্রতিবন্ধী পরিবারের মাঝে সেমাই, চিনি, মুড়ি এবং রোজাদারদের মাঝে

ইফতার বিতরণ করা হয়। এ কাজে তাকে সার্বিকভাবে সহযোগিতা করেন ইয়ুথ লিডার জাহাঙ্গীর কবির, রিপন ইসলাম, গোলাম রব্বানী, রকি, নাইম, ফারুক প্রমুখ। তাদের এই সহায়তা পেয়ে অর্ধশতাধিক পরিবারে



ঈদের হাসি ফিরে আসে। উল্লেখ্য, পহেলা রমজান থেকে অনলাইন এবং অফলাইনে বিভিন্নভাবে মানবিক সহায়তার জন্য অর্থ সংগ্রহ করেন স্থানীয় ইয়ুথ লিডাররা।

## নারায়ণগঞ্জে মানবিকতা

ইয়ুথ এন্ডিং হাজার নারায়ণগঞ্জ পার্ক পলিটেকনিক ইন্সটিটিউট ইউনিট এর উদ্যোগে ১৯ মে করোনা মহামারীতে আটকে পড়া দুঃস্থ মানুষের মাঝে খাবার ও রমজানের ইফতার বিতরণ করা হয়। ইউনিটের ইয়ুথ লিডারদের উদ্যোগে অসহায় ১০০ মানুষের মধ্যে বিরিয়ানীর প্যাকেট ও ইফতার তুলে




দেওয়া হয়। ইয়ুথ লিডাররা নিজ হাতে রান্না করে এসব খারার ও ইফতার প্রস্তুত করেন। খাদ্য প্রস্তুত ও বিতরণের সময় ইউনিটের পক্ষ থেকে আব্দুল আহাদ নাসিম, মোহাম্মদ জারিফ অনন্ত, মো: আসিফ, বিজয় ইসলাম ও সায়মা

সিকদার মনিকাসহ আরও অনেকে প্রত্যক্ষ-পরোক্ষভাবে জড়িত ছিলেন। খাদ্য ও ইফতার বিতরণকালে তাদেরকে মাফ পুরা, পরিষ্কার-পরিচ্ছন্ন থাকাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়।

## রংপুরে খাদ্য বিতরণ

রংপুরের গঙ্গাচড়া উপজেলার নোহালী ইউনিয়নে ইয়ুথ লিডারদের নেতৃত্বে পরিচালিত সংগঠন ‘অনির্বান ছাত্র কল্যাণ সংস্থা’র উদ্যোগে করোনা পরিস্থিতিতে সংকটাপন্ন পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। ২০১২ সালে দি হাজার প্রজেক্ট এর আয়োজনে ২৬৪তম ইয়ুথ



লিডারশিপ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের উদ্যোগে ছাত্র ছাত্রীদের কল্যাণে কার্যক্রম পরিচালনার ব্রত নিয়ে গড়ে উঠেছিল ‘অনির্বান ছাত্র কল্যাণ সংস্থা’।

১৬ মে সংগঠনটির সদস্য ইয়ুথ লিডার উৎপল রায়, মো: আতিকুজ্জামান, আব্দুল মালেক, মোশফিকুর রহমান, লিটন মিয়া ও মিলন রায়ের উদ্যোগে বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় তাদের নিজেদের প্রদত্ত চাঁদা ও স্থানীয়ভাবে সংগৃহীত মোট পাঁচ হাজার টাকা দিয়ে পূর্ব কচুয়া গ্রামের সংকটগ্রস্ত ৩৫টি পরিবারে উপহার সামগ্রী হিসেবে চার কেজি চাল, দুই কেজি আলু, আধা কেজি মসুরডাল, আধা লিটার সয়াবিন তেল ও দুইটি সাবান বিতরণ করেন। তাদের এই মানবিক সহায়তা কর্মসূচি অব্যাহত থাকবে বলে প্রতিশ্রুতিশীল ইয়ুথ লিডাররা জানিয়েছেন।